The Daily Star
04 JUL 2025

# US retailers lean on suppliers to absorb tariffs

REFAYET ULLAH MIRDHA

American clothing brands and retailers are pressing their Bangladeshi suppliers to absorb a portion of new tariffs levied by the Trump administration, squeezing the already thin margins of garment exporters.

The new tariffs, effective from August 7, come on top of existing duties, creating a complex and costly environment for exporters and importers. For many common apparel items, the effective tariff rate will now surge to 36.5 percent, combining the new 20 percent levy with an existing 16.5 percent duty.

President Donald Trump's tariff regime, officially the responsibility of the American importing companies, has triggered a fierce, behind-the-scenes struggle over who will ultimately bear the financial burden.

Rather than absorbing the cost or immediately passing it on to consumers, many US apparel retailers and brands have turned to their suppliers in Bangladesh, demanding they share the pain. This pressure campaign, unfolding in private negotiations, has placed Bangladeshi exporters in a tight spot.

The requests from US buyers are not subtle. Across the industry, Bangladeshi garment manufacturers are systematically asked to absorb a portion of the new tariff costs by reducing their prices, according to several leading exporters. Some retailers asked for adjustments equivalent to a quarter of the new cost.

This move mirrors the strategy employed by buyers when a preliminary 10 percent baseline tariff was introduced on April 9. That levy, now replaced by the new 20 percent rate, also saw retailers successfully push suppliers to share the cost.

- US tariff on Bangladeshi apparels rises to 36.5%
- Buyers asking exporters to absorb up to a quarter of 20% additional tariff
- Some buyers are also demanding price reductions

"We have little to say and many of us have been accepting the buyers' demand, although the profit is squeezed to 3 to 4 percent. We are against the wall," said AK Azad, chairman of Ha-Meem Group, a major apparel supplier to the US. He said some buyers are demanding both a share of the tariff cost and a general price reduction.

The situation places exporters in a precarious position, forcing them to choose between eroding their profitability and risking long-term business relationships.

"My buyers are requesting me to bear up to 5 percentage points of the additional tariff," said Sharif Zahir, managing director of Ananta Group. "I also responded to the buyers' call as we have long-term business relations."

The impact varies by product. For woven shirts, the existing tariff was 19.5 percent. The previous 10 percent baseline tariff pushed the total to 29.5 percent. With the new 20 percent reciprocal tariff, the rate will now stand at 39.5 percent.

Ramzul Seraj, managing director of Elite Garments, said he had already been absorbing a portion of the initial baseline tariff. His buyers have not asked him to shoulder more.

However, some retailers are also adjusting prices for the end consumers to offset the higher import costs. Seraj said a higher-end woven shirt his factory sells for $10, which previously retailed for $65 in the US, is now being marked up to $70. He added that buyers may slightly increase the price they pay him to compensate.


The pressure from retailers appears to be a temporary measure for some, designed to bridge the gap until the new costs can be fully integrated into their pricing models. Shovon Islam, managing director of Sparrow Group, said his buyers have asked him to share a portion of the additional tariff until the next summer season, ending around February 2026.

Despite the squeeze on margins, exporters are reporting a positive development: work orders, which had been pending amid uncertainty over the final tariff rate, are now flowing back. "The buyers are taking all the pending work orders after the announcement of the new tariff rate," said Zahir.

Officially, the industry's main body has yet to register the trend. Mahmud Hasan Khan, president of the Bangladesh Garment Manufacturers and Exporters Association, said that no exporters had formally complained to him about the cost-sharing requests and that he was not otherwise aware of the issue. This suggests that these negotiations are happening on a direct, buyer-to-supplier basis as companies navigate the fallout from the new trade policy.

The Daily Star 04 JUL 2025

# Bicycle exports rebound after two-year slump




JAGARAN CHAKMA

Bangladesh's bicycle exports are showing signs of recovery, rebounding after two years of decline since peaking during the pandemic-era boom

uptick suggests early signs of stabilisation.

Exporters cite easing freight costs, improved global logistics, and renewed interest in low-cost, sustainable mobility as contributing factors. Some Bangladeshi manufacturers have also shifted towards

international markets has begun yielding positive results, with increased sales from the USA market contributing significantly to the company's recent export performance.

Kamal noted that while the company




JAGARAN CHAKMA

Bangladesh's bicycle exports are showing signs of recovery, rebounding after two years of decline since peaking during the pandemic-era boom.

Exports rose to $117 million in the last fiscal year (FY) 2024-25, marking a 41 percent increase from the previous fiscal year's $83 million, which marked the industry's lowest point in five years, according to data from the Export Promotion Bureau (EPB) released recently.

Exports of the two-wheeler had peaked at $168 million in FY2021-22, driven by a surge in European orders during lockdowns, when cycling became a preferred means of commuting and recreation due to social distancing requirements.

"The demand for bicycles in the European market experienced a significant surge during the pandemic period. This was largely driven by a growing preference for individual and environmentally friendly transportation options that supported social distancing," said Md Luthful Bari, chief operating officer at the Meghna Group of Companies, one of the largest bicycle exporters in the country.

He, however, noted that the trend shifted sharply in 2023. As economies reopened, global demand declined, retailers were left with excess stock, and Bangladesh's bicycle exports dropped to $142 million in FY2022-23 before falling further in the next fiscal year.

"The ongoing geopolitical crisis in Europe, particularly the Russia-Ukraine war, had a direct and adverse impact on the bicycle market," he said.

Industry insiders say the recent export uptick suggests early signs of stabilisation.

Exporters cite easing freight costs, improved global logistics, and renewed interest in low-cost, sustainable mobility as contributing factors. Some Bangladeshi manufacturers have also shifted towards value-added products, including lightweight and electric bicycles, in a bid to stay competitive.

"Exports are gradually increasing as international buyers have started placing new orders," said Bari.

**The improvements come after a challenging period marked by adverse weather, slowing demand in Europe, and the ongoing fallout from the Russia-Ukraine war, all of which had dampened export performance in previous years**

Meanwhile, Kamruzzaman Kamal, marketing director of Pran-RFL Group, another major player, said, "In total, we've seen around 20 percent growth."

He credited the growth to targeted market diversification and product adaptation to meet global standards.

"We've opened up several new markets, including in the USA, and seen moderate recovery in European sales," Kamal told The Daily Star recently. "At the same time, we've resolved some key product development issues, which helped push export volumes up."

He added that the opening of new international markets has begun yielding positive results, with increased sales from the USA market contributing significantly to the company's recent export performance.

Kamal noted that while the company introduced electric bicycles in recent initiatives, these were not entirely new products, but refinements within existing lines aimed at meeting international regulatory requirements.

"There were some technical compliance issues, particularly around product size and safety regulations, that we had to address for specific export destinations," he explained. "These adjustments were critical for continuing access to key markets."

The improvements come after a challenging period marked by adverse weather, slowing demand in Europe, and the ongoing fallout from the Russia-Ukraine war, all of which had dampened export performance in previous years, he said.

"With the geopolitical climate now somewhat stabilised and economic activities picking up in our core markets, we are seeing renewed growth," Kamal said.

Despite the improvement, Bangladesh's bicycle exports remain 30 percent below their FY22 peak, highlighting that the sector's recovery is far from complete. Rising production costs and competition from low-cost producers such as Cambodia and Vietnam continue to weigh on local manufacturers.

Bari, however, remains optimistic that the sector will continue to recover gradually as market conditions stabilise and buyers resume regular procurement.

The Financial Express

04 JUL 2025

TRADEOFF FOR CUT-DOWN RECIPROCAL AMERICAN TARIFF

# BD millers to redouble US cotton import

## This apparel raw-material-hike timeline one yr, other agreed imports have varied timings

JASIM UDDIN

To reciprocate the steep US reciprocal tariff being cut down to 20 per cent, Bangladeshi textile and spinning millers target to augment American cotton imports under tradeoffs to make the country's apparel trade competitive in the United States.

The US Presidential Actions issued on April 02 this year set a condition that export goods to the USA should use at least 20 per cent of the customs value of the subject article of US-origin content, which is likely to get a certain amount of duty exemptions under the US customs and border protection (CBP) provisions.

A customs expert explains that "US content" means the portion of a product's value that comes from parts or materials that are made, sourced, or significantly changed in the United States, according to US customs rules.

Simply put, it's the part of the product that is truly America-originated.

"To receive a duty exemption, at least 20 percent of the product's total value must come from US sources. Only that US portion is eligible for the exemption - the rest of the product, made from non-US materials, is still subject to import duties," he says.

April 2, 2025

**US PRESIDENTIAL ACTIONS SET A CONDITION**



To receive duty exemption, at least **20%** of the product's total value must come from US sources

Envoy Group to raise current **15%** US cotton to nearly **60%**

Speaking to The Financial Express, the country's textile makers said the new conditions would push them to increase US cotton imports, and by the end of this year, the volume could be double the current usage.

Exporters have cited a practical example of a Calvin Klein denim pants with an FOB (Free On Board) value around $8, where the fabric component is approximately $4.125. Of that, the cotton content accounts for about 33.25 per cent.

However, they also note that if the denim pants are produced for a lower-value brand such as Kontoor, the cotton component may be slightly lower - but would still meet the 20-percent threshold.

Envoy Textile founder-chairman Kutubuddin Ahmed told the FE that the company has capacity to produce around 54 million yards of denim fabrics annually, 60 per cent of which go to the US market.

The company imports 24,000 tonnes of cotton annually and currently only 15 per cent of the cotton is sourced from the United States. Now the company plans to ramp up its imports of US cotton, with the potential to raise the share by nearly 60 per cent.

The Financial Express
04 JUL 2025

Kutubuddin Ahmed said, "We are already in talks with a US supplier to import 250 tonnes of cotton, considering the tariff issue."

The conditions requiring local value addition and the use of US raw materials will help attract investment in Bangladesh's spinning and textile mills, which will create more employment opportunities in the country, hopes Kutubuddin Ahmed, a former president of BGMEA.

Similarly, Mohammad Abdullah Zaber, current managing director of Zaber and Zubair Fabrics Limited, says, "US cotton is expensive than other cotton...we are using that as per buyers' requirements for the American market."

He adds: "Now every brand and retailer will ask to produce their goods with US cotton to get duty benefits as per the US government requirements."

The company currently uses nearly 30-percent US cotton while the factory's annual consumption is nearly 2,500 tonnes.

Zaber hopes by this yearend the US cotton consumption will be about half of total cotton uses as the company's 50-percent exports go for the US market, while its annual export is about $170 million.

According the company officials its major US buyers are Target America, Ralph Lauren, Calvin Klein, American Eagle, and Tom Hilfiger and Gap.

BTMA President Showkat Aziz Russel says the sector needs government support to

projected to retain its position as world's largest cotton importer in marketing year (MY) 2025-26, with imports expected to reach 8.5 million bales.

The USDA report also projects a modest rebound in global cotton consumption, which is set to hit a five-year high of 118.1 million bales, driven by steady economic activity in major textile-exporting countries, like Bangladesh and Vietnam.

Global cotton trade is forecast to increase by 2.3 million bales to 44.8 million bales in MY26-signalling a broader recovery in demand across textile-producing economies.

In contrast, China's imports are expected to shrink significantly, falling from 15 million bales in MY24 to just 7 million bales by MY26. This sharp decline is paving the way for countries like Bangladesh to climb in global rankings, marking a notable structural shift in cotton-trade flows.

To support this momentum, the Bangladesh government is finalizing a dedicated bonded warehouse to ensure duty-free access for US cotton. Chief Adviser Muhammad Yunus recently wrote to the US President pledging a substantial rise in US farm imports-particularly cotton-as part of broader trade diplomacy to reduce bilateral imbalances.

Bangladesh is also formulating a roadmap to double US cotton imports by 2028, aiming to source 25 per cent of its total cotton from American growers. Based on

The company currently uses nearly 30-percent US cotton while the factory's annual consumption is nearly 2,500 tonnes.

Zaber hopes by this yearend the US cotton consumption will be about half of total cotton uses as the company's 50-percent exports go for the US market, while its annual export is about $170 million.

According the company officials its major US buyers are Target America, Ralph Lauren, Calvin Klein, American Eagle, and Tom Hilfiger and Gap.

BTMA President Showkat Aziz Russel says the sector needs government support to increase US cotton imports.

Textile-industry leaders are urging the government to lower the EDF loan interest rate to 2.0 per cent for US cotton imports.

He has also requested 3-4 cent-per-pound cash incentives, noting that US cotton is 3.0-4.0-percent more expensive than cotton from other sources.

Additionally, textile millers are seeking a waiver of the 1.0-percent Advance Income Tax (AIT) on export earnings.

Despite a recent decline in US cotton's market share in Bangladesh, local millers are preparing to double imports from the USA within a year-responding to rising global demand and shifting trade dynamics.

According to the US Department of Agriculture (USDA), Bangladesh is structural shift in cotton-trade flows.

To support this momentum, the Bangladesh government is finalizing a dedicated bonded warehouse to ensure duty-free access for US cotton. Chief Adviser Muhammad Yunus recently wrote to the US President pledging a substantial rise in US farm imports-particularly cotton-as part of broader trade diplomacy to reduce bilateral imbalances.

Bangladesh is also formulating a roadmap to double US cotton imports by 2028, aiming to source 25 per cent of its total cotton from American growers. Based on 2024 projections, US cotton imports are expected to rise from 1.0 million bales in 2025 to 2.1 million bales by 2028.

The share of US cotton in total imports will grow from 12 per cent to 25 per cent and Import value is projected to nearly double, from $473.8 million to $987.04 million.

This pivot comes as Bangladesh's ready-made garment (RMG) exports surged 13.79per cent year on year, reaching $7.55 billion in FY2024-25, according to EPB data.

The USDA notes that "since mid-January 2025, international brands have resumed placing orders following months of political uncertainty," which has fuelled a sharp rise in demand for raw materials, including cotton.

*newsmanjasi@gmail.com*

The Financial Express 07 JUL 2025

The Financial Express

04 JUL 2025

TARIFF, FREIGHT RESTRICTIONS

# India blocks BD jute-goods export with bloated anti-dumping duty

## Dhaka prepares reply to Delhi's latest probe queries

**REZAUL KARIM**




Dhaka has sought a two-month-time extension for submitting Bangladesh's position paper on mid-term review of prolonged anti-dumping duty (ADD) imposed by trade-surplus India on Bangladesh's jute-goods exports, sources say.

Apart from this tariff barrier, Bangladesh's external trade, including with the next-door neighbour itself, faces non-tariff barriers (NTBs) like restrictions on third-country and inter-country shipment through Indian routes.

The commerce ministry of Bangladesh has already forwarded the formal request through the Bangladesh high commission in Delhi for the time needed for replies to the issues raised by the Indian side afresh.

Contacted over the trade spat, an official of the ministry said Dhaka could not take necessary preparation on submitting its position paper

exporters and producers in 30 days from the date of the review-initiation notification issued on June 30, 2025 by the Directorate General of Trade Remedies (DGTR) of India, a commerce high official explains.

He mentions that the

authority concerned initiated anti-circumvention investigation into import of jute sacking cloth from Bangladesh.

The Indian finance ministry (IFM) enhanced duty on Bangladesh's sacking bags in June 2019.

National Board of Revenue (NBR) banned the import of yarn from India through all land ports.

On June 27, 2025, the neighbouring state imposed ban on import of certain woven fabrics and jute items from Bangladesh by land

review investigation was introduced at the request of representatives from the Indian jute associations. They requested for re-evaluation and enhancement of the ADD levied against import of jute from Bangladesh due to a decline in export prices of jute

inter-country shipment restricted thru Indian routes

around $10b annual trade surplus against BD

neighbour itself, faces non-tariff barriers (NTBs) like restrictions on third-country and inter-country shipment through Indian routes.

The commerce ministry of Bangladesh has already forwarded the formal request through the Bangladesh high commission in Delhi for the time needed for replies to the issues raised by the Indian side afresh.

Contacted over the trade spat, an official of the ministry said Dhaka could not take necessary preparation on submitting its position paper regarding the issues.

Besides, he added, Bangladesh Jute Mills Association (BJMA) and Bangladesh Jute Spinners Association (BJSA) have applied to the Bangladesh Trade and Tariff Commission (BTTC) for extending the time for preparing various information and submitting replies to questionnaires.

Following the BJMA and BJSA appeal, the BTTC on July 24, 2025 requested the ministry of commerce (MoC) to take the next step for conveying the time-lag to the Indian authority playing the arbiter.

As per the BTTC request, "We have written to the Bangladesh high commission, New Delhi, for taking next course of action in this connection."

Earlier, the commerce ministry was supposed to submit Bangladesh's position paper and replies of local jute -goods exporters and producers in 30 days from the date of the review-initiation notification issued on June 30, 2025 by the Directorate General of Trade Remedies (DGTR) of India, a commerce high official explains.

He mentions that the commerce ministry would take time to prepare Bangladesh's position paper and other related works.

The phase of present investigation is counted from April 2024 to March 2025, making the hiatus in jute-trade shipment one-year long.

Besides, the trade tangle far lengthens as there have been periods of injury investigation from April 2021 to March 2022, April 2022 to March 2023, and April 2023 to March 2024.

The DGTR has launched the mid-term review following a request by the Indian associations concerned, including AP Mesta Twine Mills Association and Indian Jute Mills Association.

Jute goods exported from Bangladesh had already faced significant anti-dumping duty since 2017. Meanwhile, in March 2018, the Indian authority concerned initiated anti-circumvention investigation into import of jute sacking cloth from Bangladesh.

The Indian finance ministry (IFM) enhanced duty on Bangladesh's sacking bags in June 2019.

The DGTR decided to conduct a sunset-review investigation and recommended extension of the ADD on jute goods imported from Bangladesh on behalf of the Indian traders concerned in September 2021.

The IFM extended the duty on December 30, 2022.

After the Sheikh Hasina regime's fall last year, bilateral relations between the two neighbouring countries are not up to the mark, for reasons overtly involving transshipment, transit, minority rights, etc.

On April 8 this year, India cancelled the transshipment facility for Bangladesh's export cargoes to third countries through its land ports to air routes, which leaves exporters in the lurch, with the consequence of shipment disruptions and trade-cost escalation.

Thereafter, Bangladesh's National Board of Revenue (NBR) banned the import of yarn from India through all land ports.

On June 27, 2025, the neighbouring state imposed ban on import of certain woven fabrics and jute items from Bangladesh by land routes. It only allows freight through Nhava Sheva seaport, in a time-consuming-and cost-hiking detour.

Apart from the woven fabrics and jute items, it imposed port bans on the import of some items that include apparel and processed foods from Bangladesh on May 17 last.

Since 05 January 2017, Indian finance ministry has imposed ADD for five years on jute products from Bangladesh at rates ranging between $6.03 and $351.72 per tonne amid allegations of dumping goods like jute yarn, twine, jute sacking bags and hessian fabrics.

But, as yet, the tariff barrier in the form of ADD continues through Sunset Review done in 2022.

Md Hafizur Rahman, former director general of the WTO cell under the commerce ministry, said the mid-term review investigation was introduced at the request of representatives from the Indian jute associations. They requested for re-evaluation and enhancement of the ADD levied against import of jute from Bangladesh due to a decline in export prices of jute goods.

He explained that the prices of jute items exported to India from Bangladesh declined due to the currency depreciation.

Besides, they claimed that Bangladeshi exporters and producers were exporting jute goods beyond their installed capacity. They doubted that such producers were exporting such goods produced by other countries.

The total bilateral trade between Bangladesh and India was approximately $14 billion, in official count, in the fiscal year 2023-24, with India enjoying a much better position with a trade surplus of $9-10 billion annually.

In 2024-25, Bangladesh's exports to India stood at around a peanut $2.0 billion while imports cost over $11.40 billion.

rezamumu@gmail.com

সমকাল
04 JUL 2025

## দেশভেদে যুক্তরাষ্ট্রের শুল্কহারের পার্থক্য ও সম্ভাব্য কারণ

| বাড়তি শুল্ক | দেশের সংখ্যা | উল্লেখযোগ্য দেশ | সম্ভাব্য কারণ |
|---|---|---|---|
| ১০% | ১৩০+ | মেক্সিকো, আয়ারল্যান্ড, নেপাল, ভুটান, ইরান | বাণিজ্যে যুক্তরাষ্ট্রের উদ্বৃত্ত |
| ১০% | ৩ | যুক্তরাজ্য, ব্রাজিল, ফকল্যান্ড | বাণিজ্যে যুক্তরাষ্ট্রের উদ্বৃত্ত এবং চুক্তি |
| ১৫% | ৩৫ | গায়ানা, তুরস্ক, নরওয়ে, ভেনেজুয়েলা জাম্বিয়া, উগান্ডাসহ আফ্রিকা ও দক্ষিণ আমেরিকার কিছু দেশ | বাণিজ্য ঘাটতি সামান্য, |
| ১৫% | ৩ | জাপান, দক্ষিণ কোরিয়া, ইসরায়েল | বাণিজ্য ঘাটতি বড়, তবে বিনিয়োগ চুক্তি হয়েছে ও ঘনিষ্ঠ মিত্র |
| ১৮-১৯% | ৭ | নিকারাগুয়া, থাইল্যান্ড, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, কম্বোডিয়া, ফিলিপাইন ও পাকিস্তান | বড় বা মাঝারি বাণিজ্য ঘাটতি, কমাতে বড় ক্রয়াদেশের প্রতিশ্রুতি ও ভূরাজনীতি |
| ২০% | ৪ | বাংলাদেশ, ভিয়েতনাম, তাইওয়ান ও শ্রীলঙ্কা | বড় বা মাঝারি বাণিজ্য ঘাটতি, ভূরাজনীতি |
| ২৫-৪১% | ১৫ | ভারত, দক্ষিণ আফ্রিকা, সুইজারল্যান্ড, ইরাক, ব্রুনাই | বড় বাণিজ্য ঘাটতি |
| ৩০% (সাময়িক) | ১ | চীন | ব্যাপক বাণিজ্য ঘাটতি ও ভূরাজনীতি |

# বাণিজ্য ঘাটতি ও ভূরাজনৈতিক স্বার্থ বিবেচনায় নিয়েছেন ট্রাম্প

**নতুন শুল্কহার বিশ্লেষণ**

আনোয়ার ইব্রাহীম

প্রেসিডেন্ট ট্রাম্প ১ আগস্ট বিভিন্ন দেশ থেকে যুক্তরাষ্ট্রে পণ্য আমদানির ক্ষেত্রে নতুন করে 'পাল্টা শুল্ক' হার নির্ধারণ করে নির্বাহী আদেশ জারি করেছেন। বাংলাদেশের ক্ষেত্রে শুরুতে গত ২ এপ্রিল ৩৭ শতাংশ শুল্ক ঘোষণা করলেও মাঝে ৩৫ শতাংশ এবং শেষে ২০ শতাংশ বাড়তি শুল্ক হার চূড়ান্ত করে আদেশ দিয়েছেন। এতে আপাতত স্বস্তি প্রকাশ করেছেন বাংলাদেশের ব্যবসায়ীরা। কারণ, প্রতিদ্বন্দ্বী দেশগুলোর তুলনায় এ শুল্ক সমান বা কিছুটা কম। কিছু ক্ষেত্রে ১ শতাংশ বেশি।

ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশ ছাড়াও ৬৮টি দেশের ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের বাড়তি শুল্ক হার ঘোষণা পর্যালোচনায় দেখা গেছে, বাংলাদেশের তুলনায় ৪৬টি দেশের ক্ষেত্রে ১ থেকে ১০ শতাংশ কম শুল্ক ধরা হয়েছে। বাংলাদেশের সমান ২০ শতাংশ শুল্ক ধার্য হয়েছে আরও তিন দেশের ক্ষেত্রে। এ ছাড়া ৫ থেকে ২১ শতাংশ বাড়তি শুল্ক ধার্য করা হয়েছে বাকি ১৪টি দেশের ক্ষেত্রে।

বাংলাদেশের চেয়ে উল্লেখযোগ্য সংখ্যক দেশের ওপর অপেক্ষাকৃত কম শুল্ক ধার্য হওয়ায় কেউ কেউ প্রশ্ন তুলেছেন– ব্যাপক দেন-দরবার এবং নানা প্রতিশ্রুতি দিয়ে বাংলাদেশ কী জিতেছে? যেসব দেশের ওপর কম শুল্ক ধার্য হয়েছে– তারা কি বাংলাদেশের তুলনায় কূটনৈতিকভাবে আরও বেশি সফল কিনা, সে প্রশ্ন ঘুরপাক খাচ্ছে। তবে বিশ্লেষণে দেখা যাচ্ছে, শুল্ক আরোপের ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতির পরিমাণ এবং ভূরাজনৈতিক ইস্যু সর্বাধিক গুরুত্ব পেয়েছে।

ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসহ যে ৩৯টি দেশের ক্ষেত্রে ১০ বা ১৫ শতাংশ শুল্ক আরোপ হয়েছে, তার মধ্যে তিনটি দেশের ওপর বাড়তি শুল্ক আরোপ হয়েছে ১০ শতাংশ। দেশগুলো হলো– ফকল্যান্ড আইল্যান্ড, যুক্তরাজ্য এবং ব্রাজিল। ফকল্যান্ড আইল্যান্ডের সঙ্গে যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতি ২০ কোটি ডলারেরও কম। ২০২৪ সালে যুক্তরাজ্যের সঙ্গে যুক্তরাষ্ট্রের বাণিজ্য উদ্বৃত্ত ছিল প্রায় ১২ বিলিয়ন ডলার। এ ছাড়া গত বছর ব্রাজিলের ক্ষেত্রে বাণিজ্য উদ্বৃত্ত প্রায় ৩২ শতাংশ বেড়ে সাড়ে ৭ বিলিয়ন ডলারে উন্নীত হয়েছে। বাণিজ্য উদ্বৃত্ত থাকার পরও বাড়তি শুল্ক আরোপ করা হয়েছে, তবে তা তুলনামূলক কম।

এ ছাড়া যে ৩৬টি দেশের ওপর বাড়তি ১৫ শুল্ক ধার্য করা হয়েছে, তার ২১টির ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য ঘাটতি ১০ কোটি থেকে ৬০ কোটি ডলারের। তবে জাপানের সঙ্গে বাণিজ্য ঘাটতি সোয়া ৪ শতাংশ বেড়ে সাড়ে ৬৮ বিলিয়ন ডলার এবং দক্ষিণ কোরিয়ার সঙ্গে বাণিজ্য ২৯ শতাংশ বেড়ে ৬৬ বিলিয়ন ডলারে উন্নীত হওয়ার পরও ১৫ শতাংশ বাড়তি শুল্ক ধার্য করার কারণ উভয় দেশ যুক্তরাষ্ট্রের পণ্যে শুল্ক ছাড়সহ নানা সুবিধা দেওয়ার চুক্তি করেছে।

২০২৪ সালে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের মোট আন্তঃবাণিজ্য ছিল ১০ দশমিক ৬০ বিলিয়ন ডলারের। এর মধ্যে বাংলাদেশ রপ্তানি করেছে ৮ দশমিক ৪০ বিলিয়ন ডলার এবং যুক্তরাষ্ট্র রপ্তানি করেছে ২ দশমিক ২০ বিলিয়ন ডলার। এ ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের বিপক্ষে বাণিজ্য ঘাটতি ছিল ৬ দশমিক ২০ বিলিয়ন ডলার। যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশি পণ্যের মূল প্রতিদ্বন্দ্বী দেশ হলো– চীন, ভিয়েতনাম, ভারত, কম্বোডিয়া, ইন্দোনেশিয়া ও পাকিস্তান। চীনের ক্ষেত্রে বর্তমানে ৩০ শতাংশ বাড়তি শুল্ক ধার্য আছে। ভারতের ক্ষেত্রে ২৫ শতাংশ। ইন্দোনেশিয়া, কম্বোডিয়া ও পাকিস্তানের ক্ষেত্রে ১৯ শতাংশ, যা বাংলাদেশের চেয়ে ১ শতাংশ বেশি। তবে বড় প্রতিদ্বন্দ্বী ভিয়েতনামের ক্ষেত্রে এ শুল্ক ২০ শতাংশ। তাইওয়ান ও শ্রীলঙ্কার ক্ষেত্রেও একই হার। বাংলাদেশের মূল বাণিজ্য প্রতিদ্বন্দ্বী দেশগুলোর ক্ষেত্রে ১ শতাংশ বা সমান শুল্ক ধার্য হওয়ার পরও বাংলাদেশ সুবিধাজনক অবস্থানে থাকবে সস্তা শ্রমসহ আনুষঙ্গিক আরও কিছু সুবিধার কারণে।

থাইল্যান্ড, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, কম্বোডিয়ার সঙ্গে যুক্তরাষ্ট্রের বাণিজ্য ঘাটতি ১১ থেকে ৪১ বিলিয়ন ডলার। তা সত্ত্বেও বাড়তি শুল্ক হার ১৯ শতাংশ নির্ধারণ হয়েছে। এর কারণ বহুমুখী। প্রথমত, যুক্তরাষ্ট্রের ভূরাজনৈতিক স্বার্থ এ ক্ষেত্রে বড় ভূমিকা রাখতে পারে। যুক্তরাষ্ট্রের জন্য দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলো চীনের প্রভাব মোকাবিলার অন্যতম কৌশলগত মিত্র।

ভিয়েতনামের সঙ্গে ১২৩ বিলিয়ন ডলারের বাণিজ্য ঘাটতি থাকার পরও ২০ শতাংশ বাড়তি শুল্ক আরোপ করা হয়েছে। এ ক্ষেত্রে দেশটি যুক্তরাষ্ট্রের সব পণ্যে শুল্ক ঘোষণা ছাড়াও বড় কিছু ক্রয়াদেশ দিয়েছে। সবচেয়ে বড় বিষয় হলো, যুক্তরাষ্ট্র ভিয়েতনামকে চীনের বিকল্প সরবরাহ চেইন হিসেবে দাঁড় করাতে চাচ্ছে। দেখা যাচ্ছে, এখনও ১৩০টির বেশি দেশের ক্ষেত্রে যুক্তরাষ্ট্র ভিত্তি ১০ শতাংশ হারে শুল্ক আরোপ করেছে। যদিও সিংহভাগ দেশের সঙ্গে বাণিজ্য যুক্তরাষ্ট্রের পক্ষে।

সমকাল

0.4 JUL 2025

# স্থগিত রপ্তানি আদেশ ফিরতে শুরু করেছে

যুক্তরাষ্ট্রের নতুন শুল্ক

যুক্তরাষ্ট্রের সঙ্গে চুক্তির বিষয়ে বিস্তারিত জানলে ক্রেতাদের সঙ্গে আলোচনায় সুবিধা হতো

**মাহমুদ হাসান খান**
সভাপতি, বিজিএমইএ

**সমকাল প্রতিবেদক**

প্রথম দফায় ৩৭ শতাংশ, পরের দফায় ৩৫ শতাংশ পাল্টা শুল্ক আরোপের ঘোষণা দেয় যুক্তরাষ্ট্র। এরপর অনেক ক্রেতা প্রতিষ্ঠান বাংলাদেশের বিভিন্ন তৈরি পোশাক কারখানায় রপ্তানি আদেশ স্থগিত, বাতিল কিংবা পণ্যের পরিমাণ কমিয়ে দেয়। গত শুক্রবার বাড়তি শুল্ক কমিয়ে ২০ শতাংশ নির্ধারণের পর ক্রেতাদের কেউ কেউ আবার রপ্তানি আদেশ বহাল করেছেন।

নতুন শুল্ক ঘোষণার পরদিন থেকে দুই দিনের সাপ্তাহিক ছুটি শুরু হয় যুক্তরাষ্ট্রে। ছুটি শেষে স্থগিত থাকা রপ্তানি আদেশের সঙ্গে নতুন আদেশও বাড়তে পারে বলে আশা করছেন রপ্তানিকারকরা। তবে যুক্তরাষ্ট্রের সঙ্গে সমঝোতার বিষয়ে যৌথ বিবৃতি এবং বাণিজ্য চুক্তি সই না হওয়ায় শর্ত সম্পর্কে সুস্পষ্ট ধারণা পাচ্ছেন না রপ্তানিকারকরা। এ কারণে ক্রেতার সঙ্গে দরকষাকষির বিষয়ে কিছুটা দ্বিধায় রয়েছেন তারা।

জানতে চাইলে তৈরি পোশাক রপ্তানিকারক উদ্যোক্তাদের সংগঠন বিজিএমইএ সভাপতি মাহমুদ হাসান খান সমকালকে বলেন, চুক্তিতে আসলে কী রয়েছে, সে বিষয়ে তারা এখনও সুস্পষ্ট কিছু জানেন না। জানলে ক্রেতাদের সঙ্গে আলোচনা সহজ হতো। নন-ডিসক্লোজার এগ্রিমেন্টের (এনডিএ) কারণে সব কিছু জানানো হবে কিনা, তা নিয়েও কিছুটা সন্দেহের কথা জানান তিনি।

গত শুক্রবার মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্বাহী আদেশে শুল্ক কমে আসার সুবাদে ক্রেতাদের প্রতিক্রিয়া সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, শনি ও রোববার দুই দিন সরকারি ছুটি ছিল যুক্তরাষ্ট্রে। এ কারণে এখনও খুব বেশি সাড়া নেই। অফিস খোলার পর বেশ ভালো পরিমাণে রপ্তানি আদেশ পাওয়া যাবে বলে আশা করা যায়। তবে কিছু কারখানায় ইতোমধ্যে রপ্তানি আদেশ আসতে শুরু করেছে। স্থগিত রপ্তানি আদেশের কাজ আবার শুরু করার কথা জানিয়েছেন ক্রেতারা।

অনেক ক্রেতার রপ্তানি আদেশ নিয়ে কাজ করে থাকে ঢাকাভিত্তিক মার্কিন বায়িং হাউস লিয়াং ফ্যাশন লিমিটেড। বিভিন্ন কারখানায় উৎপাদনের মাধ্যমে রপ্তানি আদেশের পণ্য ক্রেতা পর্যায়ে সরবরাহ করে থাকে প্রতিষ্ঠানটি। তাদের মোট রপ্তানি আদেশের ৯৯ শতাংশই যুক্তরাষ্ট্রের। প্রতিষ্ঠানটির ঊর্ধ্বতন এক কর্মকর্তা গতকাল সমকালকে বলেন, শুল্ক হ্রাসের ঘোষণার দিনই মার্কিন একটি ক্রেতা প্রতিষ্ঠান ৭৬ হাজার ৬০০ পিস লং প্যান্ট ও শর্টসের রপ্তানি আদেশের কাজ আবার শুরু করতে বলেছে। আগে দেওয়া এই রপ্তানি আদেশ ৩৫ শতাংশ শুল্ক আরোপের ঘোষণার দিন স্থগিত রাখতে বলেছিল ওই ক্রেতা প্রতিষ্ঠান।

তিনি জানান, এই রপ্তানি আদেশ বেড়ে দেড় লাখ পিস পর্যন্ত হবে বলে ক্রেতার কাছ থেকে ইঙ্গিত পেয়েছেন তারা। তিনটি কারখানাকে এসব পণ্য উৎপাদনের জন্য কাজ দেওয়া হবে। আগামী দুই-এক সপ্তাহ থেকে একটা উল্লেখযোগ্য পরিমাণে রপ্তানি আদেশ বাংলাদেশে আসবে বলে আশা করেন তিনি। তাঁর যুক্তি, শুল্ক আরোপের পর অনেক মার্কিন ক্রেতা প্রতিষ্ঠান রপ্তানি আদেশ হয় স্থগিত অথবা বাতিল অথবা পণ্যের পরিমাণ কমিয়ে দিয়েছিল। এখন সেগুলো একযোগে আসতে পারে।

স্প্যারো গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক শোভন ইসলাম জানান, তাঁর প্রতিষ্ঠানের ৫০ কোটি ডলারের সমপরিমাণ ৩ লাখ পিস পোশাকের রপ্তানি আদেশের কাজ আবার শুরু করতে বলেছে ক্রেতা প্রতিষ্ঠান। এর আগে শুল্ক বাড়ার কারণে ওই রপ্তানি আদেশের কাজ স্থগিত রাখতে বলেছিল ক্রেতা প্রতিষ্ঠানটি।

সারাবছর যুক্তরাষ্ট্রে একটা ক্রেতা প্রতিষ্ঠানে পণ্য সরবরাহ করে প্যাসিফিক সোয়েটার্স। কারখানাটির ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ রাশেদ গতকাল সমকালকে বলেন, মার্কিন একটি বড় ব্র্যান্ডের রপ্তানি আদেশের ৬০ হাজার পিস টি-শার্টের কাজ চলছিল তাঁর কারখানায়। নতুন শুল্কের ঘোষণা আসার পর ব্র্যান্ডটি কাজ বন্ধ রাখতে ই-মেইল করেছে। মাঝপথে এখন কাজ বন্ধ রাখতে হয়েছে। তবে গতকাল পর্যন্ত কোনো ক্রেতার কাছ থেকে কিছু জানা যায়নি। তাঁর মতে, সাপ্তাহিক ছুটি ছাড়াও গ্রীষ্মের ছুটির কারণে তাৎক্ষণিক খুব ভালো সাড়া পাওয়ার সুযোগ কম। তবে মাসের শেষ নাগাদ বড় অংকের রপ্তানি আদেশ পাওয়ার বিষয়ে আশাবাদী তিনি।

জানা গেছে, গত জুনে এনডিএ সই করার পর বাণিজ্য চুক্তি করার জন্য যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে যেসব শর্ত দেওয়া হয় তার মধ্যে শুল্ক, অশুল্ক, ডিজিটাল বাণিজ্য ও প্রযুক্তি, উৎসবিধি, জাতীয় নিরাপত্তা ইত্যাদি বিষয় রয়েছে। চীন থেকে পণ্য আমদানি কমানোর পাশাপাশি যুক্তরাষ্ট্র থেকে আমদানি বাড়ানোর শর্তের কথা বলা হয় এতে।

প্রথম আলো

04 JUL 2025

# দেশের যে ১০ রপ্তানি পণ্যে সর্বোচ্চ শুল্ক দিতে হবে

যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্ক

**উচ্চ শুল্কের ১০টি পণ্য যুক্তরাষ্ট্রে রপ্তানি হয় কম। সে জন্য বাংলাদেশি পণ্যে পাল্টা শুল্কের খুব বেশি প্রভাব পড়বে না বলে মনে করেন রপ্তানিকারকেরা।**

- যুক্তরাষ্ট্রে সবচেয়ে বেশি শুল্কের পণ্য হলো তামাক, মোট শুল্কহার ৩৭০ শতাংশ।
- দ্বিতীয় সর্বোচ্চ শুল্ক দিতে হবে চামড়াবিহীন জুতায়, সর্বোচ্চ শুল্কহার ৭৫ শতাংশ।
- পোশাক খাতে সর্বোচ্চ শুল্ক কৃত্রিম তন্তুর পোশাকে, শুল্কহার ৫২ শতাংশ।

**মাসুদ মিলাদ**, *চট্টগ্রাম*

আগামী ৭ আগস্ট থেকে যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্ক কার্যকর হচ্ছে। বাংলাদেশের পণ্যে এই শুল্কহার কমে এখন গড়ে ২০ শতাংশ হয়েছে। দেশটিতে এত দিন বাংলাদেশি পণ্যে কার্যকর গড় শুল্কহার ছিল ১৫ শতাংশ। সব মিলিয়ে বাংলাদেশের পণ্যে কার্যকর গড় শুল্ক দাঁড়াতে পারে ৩৫ শতাংশ।

যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক বাণিজ্য কমিশন ও ট্যারিফ শিডিউল অনুযায়ী, গত বছর দেশটিতে ৮ ডিজিটের ১ হাজার ২০৪টি এইচএস কোডের (পণ্য চিহ্নিতকরণের কোড) পণ্য রপ্তানি করেছে বাংলাদেশ। পণ্যভেদে শুল্কহার ছিল সর্বনিম্ন শূন্য থেকে সর্বোচ্চ ৩৫০ শতাংশ।

পাল্টা শুল্ক যুক্ত হলে বাংলাদেশের পণ্যে শুল্কহার বাড়বে। যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক বাণিজ্য কমিশনের তথ্য বিশ্লেষণ করে *প্রথম আলো* বাংলাদেশ থেকে রপ্তানি হওয়া ১০টি পণ্য শনাক্ত করেছে, যেগুলোতে সবচেয়ে বেশি শুল্ক দিতে হবে।

### তামাক পণ্য

মার্কিন বাণিজ্য কমিশনের তথ্য অনুযায়ী, বর্তমানে বাংলাদেশের রপ্তানি পণ্যে সবচেয়ে বেশি শুল্ক দিতে হয় প্রক্রিয়াজাত তামাক পণ্যে। যুক্তরাষ্ট্র এই পণ্য থেকে ৩৫০ শতাংশ শুল্ক আদায় করে। এখন নতুন করে ২০ শতাংশ পাল্টা শুল্ক যুক্ত হলে তা বেড়ে দাঁড়াবে ৩৭০ শতাংশে; অর্থাৎ প্রতি ১০০ মার্কিন ডলার মূল্যের তামাক পণ্যে শুল্ক দিতে হবে ৩৭০ ডলার। তবে বাংলাদেশ থেকে পণ্যটি খুবই কম পরিমাণে রপ্তানি হয়। যেমন বাংলাদেশ গত বছর যুক্তরাষ্ট্রে ৭৪ হাজার ডলারের তামাকজাত পণ্য রপ্তানি করেছে।

পাল্টা শুল্কে বাংলাদেশের এসব পণ্য মোট শুল্ক প্রযোজ্য হবে ৫২ শতাংশ। গত বছর যুক্তরাষ্ট্রে এই সাত ধরনের পণ্য রপ্তানি হয়েছে ২৩ কোটি ৮৪ লাখ ডলারের।

### কৃত্রিম চামড়ার জুতা

প্রতি জোড়ার দাম সাড়ে ৬ থেকে ১২ ডলার। এমন জুতা এই শ্রেণিতে পড়ে। প্রতি জোড়া জুতায় ৯০ সেন্ট এবং মূল্যের ওপর ২০ শতাংশ হারে শুল্ক আদায় করে যুক্তরাষ্ট্র। গত বছর এ ধরনের জুতা থেকে গড়ে সর্বোচ্চ ৫১ শতাংশ শুল্ক আদায় করেছে যুক্তরাষ্ট্র। আর বাংলাদেশের রপ্তানি করেছে ৪ লাখ ৯০ হাজার ডলারের জুতা।

### শিশুদের কৃত্রিম তন্তুর সোয়েটার

যুক্তরাষ্ট্রে এই পণ্য আমদানিতে শুল্কহার ৩০ শতাংশ। ৭ আগস্ট থেকে বাংলাদেশের এই পণ্যে শুল্ক আদায় হবে ৫০ শতাংশ। গত বছর এই পণ্য রপ্তানি হয় সাড়ে পাঁচ লাখ ডলারের।

### নারী ও শিশুদের কৃত্রিম তন্তুর সোয়েটার-আউটওয়্যার

মোট ছয় ধরনের পণ্যে শুল্কহার ২৮ দশমিক ৬০ শতাংশ। সামনে দিতে হবে ৪৮ দশমিক ৬০ শতাংশ। গত বছর এ ধরনের পণ্য রপ্তানি হয়েছে

পাল্টা শুল্ক যুক্ত হলে বাংলাদেশের পণ্যে শুল্কহার বাড়বে। যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক বাণিজ্য কমিশনের তথ্য বিশ্লেষণ করে *প্রথম আলো* বাংলাদেশ থেকে রপ্তানি হওয়া ১০টি পণ্য শনাক্ত করেছে, যেগুলোতে সবচেয়ে বেশি শুল্ক দিতে হবে।

**তামাক পণ্য**

মার্কিন বাণিজ্য কমিশনের তথ্য অনুযায়ী, বর্তমানে বাংলাদেশের রপ্তানি পণ্যে সবচেয়ে বেশি শুল্ক দিতে হয় প্রক্রিয়াজাত তামাক পণ্যে। যুক্তরাষ্ট্র এই পণ্য থেকে ৩৫০ শতাংশ শুল্ক আদায় করে। এখন নতুন করে ২০ শতাংশ পাল্টা শুল্ক যুক্ত হলে তা বেড়ে দাঁড়াবে ৩৭০ শতাংশে; অর্থাৎ প্রতি ১০০ মার্কিন ডলার মূল্যের তামাক পণ্যে শুল্ক দিতে হবে ৩৭০ ডলার। তবে বাংলাদেশ থেকে পণ্যটি খুবই কম পরিমাণে রপ্তানি হয়। যেমন বাংলাদেশ গত বছর যুক্তরাষ্ট্রে ৭৪ হাজার ডলারের তামাকজাত পণ্য রপ্তানি করেছে।

**চামড়াবিহীন বিশেষ জুতা**

দ্বিতীয় সর্বোচ্চ শুল্কের মধ্যে রয়েছে দুই ধরনের পণ্য। পণ্য দুটি হলো রাবার ও কাপড়ের উপাদান দিয়ে তৈরি জুতা। প্রতি জোড়ার দাম তিন থেকে সাড়ে ছয় ডলারের মধ্যে। গত বছর এই পণ্য দুটি থেকে গড়ে ৫৫ শতাংশ হারে শুল্ক আদায় করেছে দেশটি। নতুন করে পাল্টা শুল্ক যুক্ত হলে মোট শুল্কহার দাঁড়াবে ৭৫ শতাংশ। গত বছর বাংলাদেশ এই দুই শ্রেণির ৭৪ হাজার ডলারের জুতা রপ্তানি করেছে।

**কম দামি চামড়াবিহীন জুতা**

প্রায় একই ধরনের চামড়াবিহীন জুতা, যেগুলোর মূল্য প্রতি জোড়া তিন ডলারের কম। যুক্তরাষ্ট্রের এই ক্যাটাগরির জুতা আমদানিতে ৪৮ শতাংশ হারে শুল্ক আদায় করে। এই পণ্যে নতুন শুল্কহার দাঁড়াবে ৬৮ শতাংশ।

**পানিরোধী প্লাস্টিক বা রাবারের জুতা**

এ ধরনের ছয় ক্যাটাগরির জুতায় যুক্তরাষ্ট্রের আমদানি শুল্ক সাড়ে ৩৭ শতাংশ। পাল্টা শুল্ক যুক্ত হওয়ার পর তা দাঁড়াবে সাড়ে ৫৭ শতাংশ। গত বছর যুক্তরাষ্ট্রে এই ছয় শ্রেণির ১৬ লাখ ৭৫ হাজার ডলারের জুতা রপ্তানি করেছে বাংলাদেশ।

**কৃত্রিম তন্তুর টি-শার্ট, শার্ট, সোয়েটার**

কৃত্রিম তন্তু দিয়ে বানানো সাত ধরনের পোশাক পণ্যে যুক্তরাষ্ট্রে আমদানি শুল্কহার ৩২ শতাংশ। প্রতি জোড়ার দাম সাড়ে ৬ থেকে ১২ ডলার। এমন জুতা এই শ্রেণিতে পড়ে। প্রতি জোড়া জুতায় ৯০ সেন্ট এবং মূল্যের ওপর ২০ শতাংশ হারে শুল্ক আদায় করে যুক্তরাষ্ট্র। গত বছর এ ধরনের জুতা থেকে গড়ে সর্বোচ্চ ৫১ শতাংশ শুল্ক আদায় করেছে যুক্তরাষ্ট্র। আর বাংলাদেশের রপ্তানি করেছে ৪ লাখ ৯০ হাজার ডলারের জুতা।

**শিশুদের কৃত্রিম তন্তুর সোয়েটার**

যুক্তরাষ্ট্রে এই পণ্য আমদানিতে শুল্কহার ৩০ শতাংশ। ৭ আগস্ট থেকে বাংলাদেশের এই পণ্যে শুল্ক আদায় হবে ৫০ শতাংশ। গত বছর এই পণ্য রপ্তানি হয় সাড়ে পাঁচ লাখ ডলারের।

**নারী ও শিশুদের কৃত্রিম তন্তুর সোয়েটার-আউটওয়্যার**

মোট ছয় ধরনের পণ্যে শুল্কহার ২৮ দশমিক ৬০ শতাংশ। সামনে দিতে হবে ৪৮ দশমিক ৬০ শতাংশ। গত বছর এ ধরনের পণ্য রপ্তানি হয়েছে ৯ কোটি ৯৪ লাখ ডলারের।

**স্কি স্যুট, ব্লেজার, জ্যাকেট, ট্রাকস্যুট**

কৃত্রিম তন্তুর ১৩ ধরনের পোশাক পণ্যের প্রতিটিতে ২৮ দশমিক ২০ শতাংশ হারে শুল্ক আদায় করে যুক্তরাষ্ট্র। বাংলাদেশের এসব পণ্যে শুল্ক দিতে হবে ৪৮ দশমিক ২০ শতাংশ। গত বছর এসব পণ্যের রপ্তানি ছিল ১৭ কোটি ডলার।

**ছেলেদের কৃত্রিম তন্তুর প্যান্ট, মেয়েদের স্যুট**

প্রায় ২৮ শতাংশ শুল্কহারে এই শ্রেণিতে ১৪ ধরনের পোশাক পণ্য রয়েছে। এগুলোতে সব মিলিয়ে শুল্ক-কর দিতে হবে প্রায় ৪৮ শতাংশ। গত বছর এসব পণ্য রপ্তানি হয়েছিল ৩৫ কোটি ৬৫ লাখ ডলারের।

যুক্তরাষ্ট্রের হিসাবে, গত বছর দেশটিতে মোট ৮৪৪ কোটি ডলারের পণ্য রপ্তানি করেছে বাংলাদেশ। তবে উচ্চ শুল্ক রয়েছে, এমন পণ্যের রপ্তানির পরিমাণ কম। নতুন পাল্টা শুল্ক যুক্ত হলেও খুব বেশি প্রভাব পড়বে না বলে মনে করেন দেশের রপ্তানিকারকেরা।

জানতে চাইলে চট্টগ্রামের ইন্ডিপেন্ডেন্ট অ্যাপারেলস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এস এম আবু তৈয়ব *প্রথম আলোকে* বলেন, পরিমাণে কম হলেও বাংলাদেশ থেকে উচ্চ শুল্কের পণ্য রপ্তানি হচ্ছে। পাল্টা শুল্ক যুক্ত হয়ে খরচ বাড়লেও খুব বেশি প্রভাব পড়বে না। কারণ, বাংলাদেশের প্রতিযোগী দেশগুলোতে বাংলাদেশের কাছাকাছি শুল্কহার রয়েছে।

বাণিজ্য তথ্য কে ★ রপ্তানি ★
ঢাকা।

প্রথম আলো
04 JUL 2025

# বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্র কী পাচ্ছে

## পাল্টা শুল্ক

বাংলাদেশের ওপর যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্ক ২০%, যা প্রতিযোগী দেশগুলোর কাছাকাছি। বেশ কিছু ছাড় দিয়ে দেশটির সঙ্গে বাংলাদেশ চুক্তি করার অপেক্ষায়।

**ফখরুল ইসলাম**, *ঢাকা*

পাল্টা শুল্কের ঘোষিত হার ৩৫ থেকে ২০ শতাংশে নামিয়ে আনার ক্ষেত্রে যুক্তরাষ্ট্রকে বেশ কিছু বিষয়ে ছাড় দিতে যাচ্ছে বাংলাদেশ। শুল্ক, বাণিজ্য, বিনিয়োগ, মেধাসম্পদ, আমদানি, সেবা খাত, পরিবেশ ও শ্রম অধিকার ইত্যাদি বিষয়ে ছাড় দেওয়া হচ্ছে। ছাড় দিতে রাজি হওয়ার কারণেই বাংলাদেশের ওপর পাল্টা শুল্কের হার কমিয়ে ২০ শতাংশে নামিয়ে এনেছে যুক্তরাষ্ট্র। গত শুক্রবার পাল্টা শুল্কের এই হার ঘোষণার পর উভয় পক্ষ এখন চুক্তি করার দিকে এগোচ্ছে। চুক্তির সম্ভাব্য নাম 'যুক্তরাষ্ট্র-বাংলাদেশ পারস্পরিক বাণিজ্যচুক্তি।' বাণিজ্য মন্ত্রণালয় সূত্রে এ তথ্যগুলো জানা গেছে।

যুক্তরাষ্ট্রের সব চাওয়া বাংলাদেশ মেনে নিয়েছে কি না, জানতে চাইলে বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন গত রাতে ওয়াশিংটন থেকে মুঠোফোনে *প্রথম আলোকে* বলেন, 'সব মেনে নেওয়া সম্ভব না বলেই আমরা লম্বা সময় ধরে দর-কষাকষি করলাম।'

সূত্রগুলো জানায়, যুক্তরাষ্ট্র যেসব পণ্য বাংলাদেশে রপ্তানি করবে, সেগুলোর ওপর আমদানি শুল্ক (সিডি), সম্পূরক শুল্ক (এসডি) এবং নিয়ন্ত্রণমূলক শুল্ক (আরডি) কমাবে বাংলাদেশ। তবে এ ব্যাপারে আইন সংশোধন করতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান আবদুর রহমান খান *প্রথম আলোকে* বলেন, 'সিডি ও এসডি কমানোর ক্ষেত্রে আইন সংশোধনের প্রশ্ন এসে যায়। তবে সেই পর্যায় এখনো আসেনি। দেখা যাক।'

জানা গেছে, কিছু খাতে যুক্তরাষ্ট্রের বিনিয়োগের ওপর বাংলাদেশের যে নিষেধাজ্ঞা রয়েছে, তা বাংলাদেশ বাদ দেবে। সেই সঙ্গে যুক্তরাষ্ট্রের বিনিয়োগকারীদের জন্য অনাপত্তিপত্রও সহজ করা হবে। বাংলাদেশে যুক্তরাষ্ট্রের মূলধন যাতে সহজে আসতে পারে এবং বাংলাদেশ থেকে সে দেশে যেতে পারে, তার অনুমোদন প্রক্রিয়া দ্রুত ও স্বচ্ছ করতে বাংলাদেশ নির্দেশিকা প্রণয়ন করবে। এ ছাড়া বাংলাদেশ যুক্তরাষ্ট্রের বিদ্যমান কোম্পানিগুলোর বকেয়া পাওনা দ্রুত পরিশোধ করবে।

বাংলাদেশ যুক্তরাষ্ট্রকে শুল্ক, বাণিজ্য, বিনিয়োগ, মেধাসম্পদ, আমদানি, সেবা খাত, পরিবেশ ও শ্রম অধিকার ইত্যাদি বিষয়ে ছাড় দিচ্ছে। এর ফলে বাংলাদেশের ওপর পাল্টা শুল্কের হার কমিয়ে ২০% করেছে যুক্তরাষ্ট্র।

সূত্রগুলো জানায়, যুক্তরাষ্ট্র থেকে সামরিক পণ্য, বেসামরিক উড়োজাহাজ ও যন্ত্রাংশ আমদানি বাড়াবে বাংলাদেশ এবং জ্বালানি তেল ও ভোজ্যতেল, গম ও তুলা আমদানি বাড়ানো এবং তরলীকৃত প্রাকৃতিক গ্যাস আমদানিতে দীর্ঘমেয়াদি চুক্তি করা হবে।

বাণিজ্য মন্ত্রণালয়ের সূত্রগুলো জানায়, যুক্তরাষ্ট্র চায় বাংলাদেশ অবৈধ রপ্তানির বিরুদ্ধে ব্যবস্থা নেবে এবং প্রয়োজনে যুক্তরাষ্ট্রের সঙ্গে যৌথ তদন্ত করবে। বাংলাদেশ এতে রাজি। এ ছাড়া জনমত গ্রহণের সুযোগ নিতে বাংলাদেশ আইন ও বিধিমালা অনলাইনে সহজলভ্য করার পাশাপাশি প্রস্তাবিত আইন ও বিশ্লেষণ প্রকাশ করবে।

সূত্রমতে, বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) ধারা অনুযায়ী, বাংলাদেশ বার্ষিক আমদানি লাইসেন্সিং প্রতিবেদন ডব্লিউটিওতে জমা দেবে। আর যুক্তরাষ্ট্র থেকে খাদ্য বা কৃষিপণ্য আমদানির ক্ষেত্রে আমদানি অনুমতিপত্র বাধ্যতামূলক করবে না। বাংলাদেশ যুক্তরাষ্ট্রের ইলেকট্রনিক বিল অব লেডিংয়ের বৈধতা অস্বীকার করবে না এবং দেশটি থেকে আসা স্বল্প ঝুঁকিপূর্ণ পণ্য দ্রুত ছাড় করবে।

জানা গেছে, চিকিৎসা যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (এফডিএ) যে অনুমোদন দেবে, তা বাংলাদেশ মেনে নেবে। এফডিএর ইলেকট্রনিক সনদকেও গ্রহণ করবে বাংলাদেশ। আন্তর্জাতিক মেডিকেল ডিভাইস রেগুলেটরস ফোরামের সদস্য হওয়ার জন্য আবেদন করবে বাংলাদেশ।

সূত্রগুলো জানায়, যুক্তরাষ্ট্রের দুগ্ধ নিরাপত্তাব্যবস্থা এবং মাংস ও পোলট্রি, প্রক্রিয়াজাত মাংস ও ডিমজাত পণ্য আমদানির ক্ষেত্রে স্বীকৃতি এবং দেশটির গরু, ভেড়া বা ছাগলের দুগ্ধজাত পণ্য আমদানির অনুমতি দেবে বাংলাদেশ। যদি কোনো মার্কিন পণ্যে সমস্যা দেখা দেয়, তবে বাংলাদেশ দেরি না করে যুক্তরাষ্ট্র বা তৃতীয় দেশের ঝুঁকি বিশ্লেষণ ও অনুমোদন বিবেচনা করা হবে।

মারাত্মক সংক্রামক বার্ড ফ্লু রোধে বাংলাদেশ বিশ্ব পশু স্বাস্থ্য সংস্থার বিধানের সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ কোনো বিধান আরোপ তো করবেই না, বজায়ও রাখবে না—এমন শর্ত বাংলাদেশ মেনে নিয়েছে বলে জানা গেছে।

যুক্তরাষ্ট্রের চাওয়া হচ্ছে, এখনো যদি না করে থাকে, তাহলে বাংলাদেশ কয়েকটি আন্তর্জাতিক চুক্তি অনুমোদন ও বাস্তবায়ন করবে। এগুলো হচ্ছে বার্ন কনভেনশন, ব্রাসেলস কনভেনশন, বুদাপেস্ট চুক্তি, হেগ চুক্তি, মাদ্রিদ প্রটোকল, মারাকেশ চুক্তি, প্যারিস কনভেনশন, পেটেন্ট কো-অপারেশন চুক্তি, সিঙ্গাপুর চুক্তি, নতুন জাতের উদ্ভিদের সুরক্ষার জন্য আন্তর্জাতিক ইউনিয়ন (ইউপিওভি) ১৯৯১, বিশ্ব মেধাসম্পদ সংস্থার কপিরাইট চুক্তি এবং ডব্লিউআইপিও পারফরম্যান্স ও ফোনোগ্রাম চুক্তি।

ব্যক্তিগত তথ্য সুরক্ষা নীতিমালায় যুক্তরাষ্ট্র সরকারের মতামত বিবেচনায় নেওয়া, সাইবার নিরাপত্তা আইনের আওতায় মতপ্রকাশের স্বাধীনতা সংরক্ষণ করা এবং ২০২১ সালের সোশ্যাল মিডিয়া ও ওভার দ্য টপ (ওটিটি) আইন সংশোধন বা বাতিল করার প্রতিশ্রুতিও দেয় বাংলাদেশ।

রাষ্ট্রায়ত্ত সংস্থা সাধারণ বিমা করপোরেশনের সঙ্গে বর্তমানে বেসরকারি কোম্পানিগুলোর যে ৫০ শতাংশ পুনর্বিমা করার বাধ্যবাধকতা আছে, এ বিধান বাতিল চেয়েছে যুক্তরাষ্ট্র।

এ নিয়ে জানতে চাইলে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব নাজমা মোবারেক *প্রথম আলোকে* বলেন, পুনর্বিমার বিষয়ে আইন সংশোধন দরকার এবং ইতিমধ্যে সে উদ্যোগ নেওয়া হয়েছে।

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো